গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ক্রীড়া পরিদপ্তর
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
মওলানা ভাসানী স্টেডিয়াম, ঢাকা।
http://www.ds.gov.bd

নং: ৩৪.০২.২৬৬৫.০০০.১০৩.০৬.০০০১.২৫-৩৩০ তারিখ: ৯ মার্চ ২০২৫

বিষয়: ক্রীড়া পরিদপ্তরের অভ্যন্তরীণ সমন্বয় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ মোস্তফা জামান<br>পরিচালক (যুগ্মসচিব), ক্রীড়া পরিদপ্তর, ঢাকা |
| সভার তারিখ ও সময় | : | ০৬/০৩/২০২৫ খ্রি. বিকেল- ০২.০০ টা |
| স্থান | : | পরিচালক মহোদয়ের কক্ষ, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা |
| উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য |

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা শুরু করেন। ক্রীড়া পরিদপ্তরের অভ্যন্তরীণ সমন্বয় সভায় বিষয়ভিত্তিক আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| নং | বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১. | ডি-নথি সংক্রান্ত | পরিচালক, ক্রীড়া পরিদপ্তর জানান যে, অফিসের সকল নথি ডি-নথির মাধ্যমে নিষ্পত্তি করার বিষয়ে সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের নির্দেশনা রয়েছে। | ১। ডি-নথির মাধ্যমে আগত পত্রসমূহ ডি-নথির মাধ্যমে পত্র জারিপূর্বক নিষ্পত্তি করতে হবে।<br>২। মন্ত্রণালয়ে প্রেরিতব্য সকল রিপোর্ট ডি-নথির মাধ্যমে প্রেরণ করতে হবে।<br>৩। ডি-নথির মাধ্যমে ক্রীড়া সামগ্রী প্রদান করতে হবে<br>৪। ক্রীড়া পরিদপ্তরের আওতাধীন শারীরিক শিক্ষা কলেজ ও জেলা ক্রীড়া অফিসসমূহ আগামী ১ সপ্তাহের মধ্যে ডি-নথি কার্যক্রম সক্রিয় করবে। | ক্রীড়া পরিদপ্তর, জেলা ক্রীড়া অফিস ও শারীরিক শিক্ষা কলেজসমূহ |
| ২. | সভা আয়োজন সংক্রান্ত | এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ১। ক্রীড়া পরিদপ্তরের আওতাধীন কলেজ ও জেলা ক্রীড়া অফিসের সাথে প্রতি মাসের ৩য় সপ্তাহে ১টি সমন্বয় সভার আয়োজন করতে হবে।<br>২। প্রতি মাসে ২য় সপ্তাহে ক্রীড়া পরিদপ্তরের অভ্যন্তরীণ সমন্বয় সভা আয়োজন করতে হবে।<br>৩। বিনামূল্যে ক্রীড়া সামগ্রী | ক্রীড়া পরিদপ্তর |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | বিতরণের জন্য প্রতি মাসের ৩য় সপ্তাহে ১টি সভা করতে হবে। | |
| ৩. | টুর্নামেন্ট বাস্তবায়ন সংক্রান্ত | জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট, বালক/বালিকা (অনূর্ধ্ব-১৭)-২০২৪, আন্তঃকলেজ ফুটবল টুর্নামেন্ট-২০২৪ এবং ক্রীড়া পরিদপ্তরের রাজস্ব বাজেটের আওতায় ৬টি টুর্নামেন্ট আয়োজনের জন্য তারিখ, সময় ও প্রধান অতিথি নির্বাচন সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা হয়। | জনাব মোঃ আজিম হোসেন, সহকারী পরিচালক, ক্রীড়া পরিদপ্তর আগামী ৭ দিনের মধ্যে বিস্তারিত খসড়া নিম্নস্বাক্ষরকারী বরাবর উপস্থাপন করবেন। | জনাব মোঃ আজিম হোসেন, সহকারী পরিচালক, ক্রীড়া পরিদপ্তর। |
| ৪. | কলেজসমূহের ভৌত অব-কাঠামো উন্নয়ন সংক্রান্ত | ক্রীড়া পরিদপ্তরের আওতাধীন ৬টি সরকারি শারীরিক শিক্ষা কলেজের ভৌত অবকাঠামোগত উন্নয়ন একান্ত প্রয়োজন। পরিচালক জানান যে এ বিষয়ে সচিব মহোদয়ের সাথে আলোচনা হয়েছে। সচিব মহোদয় ৬ কলেজের ভৌত অবকাঠামো উন্নয়নের জন্য প্রাথমিক পর্যায়ে মাঠ, বিভিন্ন স্থাপনা, সুইমিংপুল এর উন্নয়নে প্রকল্প গ্রহণে ডিপিপি প্রণয়নের জন্য নির্দেশনা প্রদান করেছেন। | অধ্যক্ষ, সরকারি শারীরিক শিক্ষা কলেজ তাঁদের ৬টি কলেজের ভৌত অবকাঠামো উন্নয়নের জন্য প্রাথমিক পর্যায়ে মাঠ, বিভিন্ন স্থাপনা, সুইমিংপুল এর উন্নয়ন/সংস্কার করণে ডিপিপি প্রণয়ন করে আগামী ১৫ দিনের মধ্যে অধ্যক্ষগণ পরিদপ্তরে প্রেরণ করবেন। | অধ্যক্ষ , সরকারি শারীরিক শিক্ষা কলেজ, ঢাকা/ রাজশাহী/ খুলনা (বাগেরহাট)/চট্টগ্রাম/বরিশাল/ ময়মনসিংহ। |
| ৫. | ব্যয় সংক্রান্ত | এ বিষয়ে পরিচালক জানান সামাজিক নিরাপত্তা অডিট অধিদপ্তরের ২০২৩-২০২৪ অর্থ বছরের অডিট ইন্সপেকশন রিপোর্টে (AIR) জানা যায় যে, সরকারি শারীরিক শিক্ষা কলেজসমূহ পিপিএ ২০০৬ ও পিপিআর ২০০৮ অনুসরণ না করে ক্যাশ ভাউচারের মাধ্যমে ব্যয় করছে। | সরকারি সকল ক্রয় পিপিএ ২০০৬ ও পিপিআর ২০০৮ অনুসরণে সম্পাদন করতে হবে। বিধি বহির্ভূত সকল ব্যয় স্ব-স্ব ডিডিও এবং সংশ্লিষ্টদের ব্যক্তিগত দায় হিসেবে বিবেচিত হবে। | অধ্যক্ষ, জেলা ক্রীড়া অফিসার এবং সংশ্লিষ্ট সকল। |
| ৬. | (AIR) রিপোর্ট সংক্রান্ত | জনাব মোহাম্মদ হাছান তারেক, প্রধান সহকারী জানান যে, সামাজিক নিরাপত্তা অডিট অধিদপ্তরের ১২.০২.২০২৫ তারিখের ২৫২ নং স্মারকে ২০২৩-২০২৪ অর্থ বছরের অডিট ইন্সপেকশন রিপোর্ট (AIR) জারি করে এবং ২১ দিনের মধ্যে তা প্রেরণ করার জন্য নির্দেশনা রয়েছে। কিন্তু অদ্যাবধি ঐ রিপোর্ট প্রেরণ করা হয়নি। | যত দ্রুত সম্ভব উক্ত রিপোর্ট সচিব মহোদয়ের মাধ্যমে সামাজিক নিরাপত্তা অডিট অধিদপ্তরে প্রেরণের ব্যবস্থা করতে হবে। | জনাব মোঃ আজিম হোসেন, সহকারী পরিচালক ও জনাব মো: জহুরুল হক জনি, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭. | অডিট আপত্তি সংক্রান্ত | এ বিষয়ে প্রধান সহকারী জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে ক্রীড়া পরিদপ্তরের বিভিন্ন টুর্নামেন্টের বিপরীতে ৩ ঠিকাদার/সরবরাহকারী প্রতিষ্ঠানের বিল হতে প্রযোজ্য হারে আয়কর কর্তন না করায় অডিট আপত্তি হয়েছে। তন্মধ্যে ডাইভারসিটি ও ইভেন্টকম প্রতিষ্ঠান সরকারি চালানের মাধ্যমে বকেয়া আয়কর প্রদান করে। কিন্তু ঠিকাদারী প্রতিষ্ঠান মাইন্ডডোর এন্টারটেইনমেন্ট এখনো বাকি টাকা জমা প্রদান করেনি। তিনি আরও জানান যে, উক্ত ঠিকাদারী প্রতিষ্ঠানের পারফরমেন্স সিকিউরিটি জমা রয়েছে। | ঠিকাদারী প্রতিষ্ঠান মাইন্ডডোর এন্টারটেইনমেন্ট এর বকেয়া টাকা দ্রুত জমা প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | হিসাব শাখা, ক্রীড়া পরিদপ্তর। |
| ৮. | শিক্ষা মন্ত্রণালয়ের সাথে সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর সংক্রান্ত | মাধ্যমিক ও কলেজ পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানে শারীরিক শিক্ষা বিষয়ক শিক্ষক নিয়োগে বিদ্যমান স্থবিরতা দূরীকরণসহ সরকারি শারীরিক শিক্ষা কলেজে ছাত্র-ছাত্রী ভর্তি বৃদ্ধির লক্ষে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং শিক্ষা মন্ত্রণালয়ের মধ্যে সমঝোতা স্মারক (MoU) সম্পাদনের ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন বলে সভায় মত প্রকাশ করা হয়। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং শিক্ষা মন্ত্রণালয়ের সাথে সমঝোতা স্মারক (MoU)স্বাক্ষরের জন্য যুব ও ক্রীড়া মন্ত্রণালয়কে অনুরোধ করতে হবে। | ক্রীড়া পরিদপ্তর ও শারীরিক শিক্ষা কলেজসমূহ। |
| ৯. | ওয়েবসাইট হালনাগাদকরণ | পরিচালক জানান যে, জেলা ক্রীড়া অফিস রংপুরের ওয়েবসাইটে দেখা যায় কর্মকর্তার প্রোফাইলে জেলা ক্রীড়া অফিসারের নামের পরে প্রাক্তন পরিচালক জনাব আ,ন,ম তরিকুল ইসলাম এর নাম অদ্যাবধি বিদ্যমান রয়েছে যা অনাকাঙ্খিত। এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য তিনি নির্দেশনা প্রদান করেন। | জেলা ক্রীড়া অফিস ও সরকারি শারীরিক শিক্ষা কলেজের ওয়েব সাইট নিয়মিত হালনাগাদ করতে হবে। | অধ্যক্ষ ও জেলা ক্রীড়া অফিসার (সকল) |
| ১০. | সি সি ক্যামেরা সক্রিয় করা | পরিচালকের একান্ত সহকারী সভায় জানান যে, ক্রীড়া পরিদপ্তরের মোট ১৫টি সিসি ক্যামেরা আছে। তন্মধ্যে ৫টি ক্যামেরা দীর্ঘদিন যাবৎ নষ্ট রয়েছে। বাকী ক্যামেরাগুলো | ক্রীড়া পরিদপ্তরে নিরাপত্তার স্বার্থে প্রয়োজনীয় সংখ্যক নতুন সি সি ক্যামেরা প্রতিস্থাপন করতে হবে। | প্রশাসন/ হিসাব শাখা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | অনেক পুরানো হওয়ায় ছবি ভালো দেখা যায় না। বর্তমান পরিস্থিতে পরিদপ্তরের নিরাপত্তার স্বার্থে বিদ্যমান ক্যামেরাগুলো পরিবর্তন করে নতুন ক্যামেরা বসানো প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | | |
| ১১. | ডিজিটাল হাজিরা | প্রধান সহকারী জানান যে, ক্রীড়া পরিদপ্তরের ডিজিটাল হাজিরা রয়েছে। কিন্তু এটি কার্যকর নয় এবং নষ্ট হয়ে পড়ে আছে। এটি দ্রুত কার্যকর করা দরকার | ডিজিটাল হাজিরা পদ্ধতি চালু করতে হবে। | প্রশাসন/ হিসাব শাখা |
| ১২. | বকেয় বিল | সভায় বিগত ২০২৩-২০২৪ অর্থ বছরের বকেয়া বিল সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়। | যাচাই-বাছাইপূর্বক ২০২৩-২০২৪ অর্থবছরের বকেয়া বিলসমূহ উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | হিসাব শাখা |
| ১৩. | বিবিধ | সভায় ক্রীড়া পরিদপ্তরের ফিল্টার, আইপিএস ব্যাটারীসহ বিভিন্ন ক্রয় সংক্রান্ত আলোচনা হয় | প্রয়োজনীয়তা ও বাজেট থাকা সাপেক্ষে ফিল্টার ও আইপিএস ব্যাটারি ক্রয় কার্যক্রম সম্পন্ন করতে হবে। | প্রশাসন/ হিসাব শাখা |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০২.০৬.২০২৫

মোঃ মোস্তফা জামান
পরিচালক (যুগ্মসচিব)
ফোন: ০২-৪১০৫৩৮১৫
ইমেইল: director@ds.gov.bd

নং: ৩৪.০২.২৬৬৫.০০০.১০৩.০৬.০০০১.২৫-৩৩০

তারিখ: ৯ মার্চ ২০২৫

**বিতরণ: কার্যার্থে**

১. অধ্যক্ষ, সরকারি শারীরিক শিক্ষা কলেজ, ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা (বাগেরহাট)/বরিশাল/ময়মনসিংহ;

২. জেলা ক্রীড়া অফিসার (সকল)--------------;

৩. পরিচালকের একান্ত সহকারী (পরিচালক মহোদয়ের সদয় জ্ঞাতার্থে), ক্রীড়া পরিদপ্তর, ঢাকা;

৪. জনাব------------------------------পদবি:------------------------------ক্রীড়া পরিদপ্তর, ঢাকা;

**সদয় অবগতি:**

১. সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;

০৯/০৩/২৫

মোঃ আজিম হোসেন
সহকারী পরিচালক (প্রশাসন)
ফোন: ০২-৪১০৫৩৮১৮